গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৩০/২০১৮-২০১৯
ঢাকা, মঙ্গলবার ১ জানুয়ারি ২০১৯, ১৮ পৌষ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের বিজয়ে প্রধানমন্ত্রীকে রাষ্ট্রপতির অভিনন্দন
২। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ইংরেজি নববর্ষের শুভেচ্ছা
৩। যোগ্যপ্রার্থী মনোনয়ন দিতে না পারায় বিএনপি'র ভরাডুবি :
বিদেশি পর্যবেক্ষকদের প্রধানমন্ত্রী
৪। ফুলেল শুভেচ্ছায় সিক্ত প্রধানমন্ত্রী
বিজয়ের মাসে আরো একটি জয় পেলাম : প্রধানমন্ত্রী
৫। শীর্ষ প্রভাবশালী মুসলিমদের তালিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা
৬। ভোট পড়েছে ৮০ শতাংশ : সিইসি
৭। নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হয়েছে : বিদেশি পর্যবেক্ষকদের অভিমত
৮। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নরেন্দ্র মোদি ও চীনা প্রেসিডেন্ট শি জিনপিংয়ের অভিনন্দন
৯। বিশ্ব মিডিয়ায় বাংলাদেশের জাতীয় নির্বাচন
১০। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিরোধীদের অংশগ্রহণকে স্বাগত জানালো জাতিসংঘ
নির্বাচনি অভিযোগ শান্তিপূর্ণ উপায়ে করার আহ্বান
১১। ধৈর্যের সঙ্গে সংযত হয়ে এ বিজয়ের আনন্দ ঘরোয়াভাবে উদ্‌যাপন করুণ : সেতুমন্ত্রী
১২। পাঠ্যবই উৎসব আজ

চলমান পাতা-২

**১।	একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের বিজয়ে প্রধানমন্ত্রীকে রাষ্ট্রপতির অভিনন্দন**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ক্ষমতাসীন আওয়ামী লীগের নিরঙ্কুশ বিজয়ে দলের প্রধান প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। রাষ্ট্রপতি এক অভিনন্দন বার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বলেন, এ নির্বাচন সাম্প্রদায়িকতা, সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে এবং স্বাধীনতা, মুক্তিযুদ্ধ ও উন্নয়ন-অগ্রগতির পক্ষে জনগণের মতামতের সুস্পষ্ট প্রতিফলন। একাদশ জাতীয় সংসদ নির্বাচন বাংলাদেশের গণতন্ত্র ও উন্নয়নের ইতিহাসে একটি মাইলফলক হয়ে থাকবে। অভিনন্দন বার্তায় রাষ্ট্রপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন জানিয়ে নির্বাচনে অংশ নেওয়া সকল রাজনৈতিক দলের নেতাকর্মী ও নির্বাচন সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদও জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**২।	রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ইংরেজি নববর্ষের শুভেচ্ছা**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইংরেজি নববর্ষ ২০১৯ উপলক্ষে দেশবাসীসহ সবাইকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। বিগত বছরের সুখ-দুঃখ, আনন্দ-বেদনা পেছনে ফেলে নতুন বছরে অমিত সম্ভাবনার পথে বাংলাদেশ এগিয়ে যাক-এ প্রত্যাশা ব্যক্ত করে গতকাল (৩১ ডিসেম্বর সোমবার) এক বাণীতে রাষ্ট্রপতি বলেন, নববর্ষ সকলের মাঝে জাগায় প্রাণের নতুন স্পন্দন, নতুন আশা, নতুন সম্ভাবনা। সবার জীবনে নতুন বছর অনাবিল আনন্দ ও কল্যাণ বয়ে আনবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন তিনি। একইদিন পৃথক বাণীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে সবাইকে ঐক্যবদ্ধভাবে দেশের উন্নয়ন ও গণতন্ত্রের ধারাবাহিকতা রক্ষা করার আহ্বান জানিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**৩।	যোগ্যপ্রার্থী মনোনয়ন দিতে না পারায় বিএনপি'র ভরাডুবি :**
**বিদেশি পর্যবেক্ষকদের প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, গত ৩০ ডিসেম্বর রোববারের নির্বাচন ছিল প্রশংসাযোগ্য এবং স্বচ্ছ। তবে যোগ্যপ্রার্থী মনোনয়ন দিতে না পারায় এবং নিজেদের ভুল ও দুর্বলতার কারণে বিএনপি'র ভরাডুবি হয়েছে। গতকাল (৩১ ডিসেম্বর সোমবার) গণভবনে বিদেশি নির্বাচন পর্যবেক্ষক ও সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন। বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থা থেকে আসা ১১ পর্যবেক্ষক ও ৪০ জন বিদেশি সাংবাদিকের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**৪।	ফুলেল শুভেচ্ছায় সিক্ত প্রধানমন্ত্রী**
**বিজয়ের মাসে আরো একটি জয় পেলাম : প্রধানমন্ত্রী**

জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের নিরঙ্কুশ বিজয়ে দলটির সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা জানাতে গতকাল (৩১ ডিসেম্বর সোমবার) থেকে তার সরকারি বাসভবন গণভবনে মানুষের ঢল নামে। সেখানে রাজনৈতিক নেতা, সিনিয়র বেসামরিক ও সামরিক কর্মকর্তা, মিডিয়া ব্যক্তিত্বসহ বিভিন্ন পেশার মানুষ তাঁকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। ভালোবাসায় সিক্ত প্রধানমন্ত্রী বলেন, বিজয়ের মাসে আমরা আরও একটি জয় পেয়েছি। এ জয় আমার ব্যক্তিগত লাভের জন্য নয়। এর মধ্য দিয়ে দেশ ও জনগণের প্রতি দায়িত্ব আরও বেড়ে গেল। তিনি বলেন, আমি মনে করি পুনর্নির্বাচিত করায় জনগণের প্রতি কাজ করার বড় ধরনের সুযোগ সৃষ্টি হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত স্বপ্ন বাস্তবায়ন করতে পারব। বক্তব্যে প্রধানমন্ত্রী দেশবাসীকে ২০১৯ সালের নববর্ষের শুভেচ্ছা জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.৮)।

**৫।	শীর্ষ প্রভাবশালী মুসলিমদের তালিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

বিশ্বের শীর্ষ মুসলিম ব্যক্তিত্বের তালিকায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নাম উঠে এসেছে। 'দ্য মুসলিম ফাইভ হান্ড্রেড-২০১৯' নামে দীর্ঘ এক দশক ধরে তৈরি করা তালিকাটি প্রকাশ করেছে জর্ডানের আম্মানভিত্তিক রয়্যাল ইসলামিক স্ট্র্যাটেজিক স্টাডিজ সেন্টার। এ তালিকায় সবার ওপরে রয়েছে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান। আর 'মুসলিম ম্যান অব দ্য ইয়ার' সম্মানে ভূষিত হয়েছেন মালয়েশিয়ার প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদ। তালিকায় বিশ্বের শীর্ষ প্রভাবশালী মুসলিম রাজনীতিক হিসেবে উল্লেখ করা হয় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার কথা। তার ব্যাপারে তালিকার পলিটিক্স অংশে বলা হয়, বাংলাদেশের মতো ঘনবসতিপূর্ণ গরিব মুসলিম

দেশে শেখ হাসিনার প্রধান অগ্রাধিকার হল দারিদ্র্য দূরীকরণ। শেখ হাসিনা বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমানের কন্যা। তিনি সংসদ নির্বাচনে জয়লাভ করে তৃতীয়বার বাংলাদেশের প্রধানমন্ত্রী হয়েছেন। **২০১৬** সালে ফোর্বস ম্যাগাজিন প্রকাশিত বিশ্বের শীর্ষ প্রভাবশালী নারীর তালিকায় শেখ হাসিনা ছিলেন **৩৬**তম। রিচার্ড ও ব্রাইয়েনের 'উইমেন প্রেসিডেন্ট এবং প্রধানমন্ত্রী' বইতে তাঁর প্রশংসা করা হয়েছে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.৮)।

**৬। ভোট পড়েছে ৮০ শতাংশ : সিইসি**

এবারের একাদশ সংসদ নির্বাচনে গড়ে ৮০ শতাংশ ভোট পড়েছে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। গতকাল (৩১ ডিসেম্বর সোমবার) নির্বাচন কমিশনের মিডিয়া সেন্টারে ভোট পরবর্তী সংবাদসম্মেলনে তিনি এ কথা বলেন। সারাদেশে ভোট উৎসব এবং শান্তিপূর্ণভাবে ভোট সম্পন্ন হয়েছে বলে জানান তিনি। তবে কিছু জায়গায় সহিংসতায় **১৪** জনের প্রাণহানির ঘটনায় দুঃখ প্রকাশ করেন সিইসি। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **যুগান্তর** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৭। নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হয়েছে : বিদেশি পর্যবেক্ষকদের অভিমত**

একাদশ জাতীয় সংসদ নির্বাচন অতীতের চেয়ে অনেকাংশে ভালো, সুষ্ঠু ও নিরপেক্ষ হয়েছে বলে জানিয়েছেন বিদেশি পর্যবেক্ষকরা। গতকাল (৩১ ডিসেম্বর সোমবার) জাতীয় প্রেসক্লাবে সার্ক হিউম্যান রাইটস ফাউন্ডেশন ও ইলেকশন মনিটরিং ফোরাম আয়োজিত মিট দ্য প্রেসে এ মতামত দেন পর্যবেক্ষকরা। শান্তিপূর্ণ নির্বাচন পরিচালনার জন্য বাংলাদেশ নির্বাচন কমিশনের (ইসি) ভূমিকার প্রশংসা করেছেন তাঁরা। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৮। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নরেন্দ্র মোদি ও চীনা প্রেসিডেন্ট শি জিনপিংয়ের অভিনন্দন**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয়ের জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, চীনা প্রেসিডেন্ট শি জিনপিং ও চীনা প্রধানমন্ত্রী লি কেকিয়াং। এ ছাড়া ভুটানের রাজা জিগমে খেসার নাগমায়েল ওয়াংচুকসহ বিভিন্ন দেশ ও সরকারের পক্ষ থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানানো হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফোন করে অভিনন্দন জানিয়েছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ও ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

**৯। বিশ্ব মিডিয়ায় বাংলাদেশের জাতীয় নির্বাচন**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে জয় পেয়েছে আওয়ামী লীগের নেতৃত্বাধীন মহাজোট। বিশ্ব মিডিয়াতে স্থান পেয়েছে এবারের জাতীয় সংসদ নির্বাচন। কাতারভিত্তিক সংবাদ মাধ্যম আল জার্জিরা ওয়েবসাইটে প্রকাশিত প্রধান শিরোনামে শেখ হাসিনার বিজয় নিয়ে লেখা হয়-শেখ হাসিনা 'বাংলাদেশ নির্বাচন জিতেছে'। বার্তাসংস্থা রয়টার্সে প্রকাশিত খবরের শিরোনাম হলো-প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিজয় সুরক্ষিত যেখানে পুনর্নির্বাচনের দাবি বিরোধীদের। ভারতের এনডিটি এবং জি নিউজ বেশ গুরুত্বসহকারে শেখ হাসিনা ও আওয়ামী লীগের বিজয়ের খবর পরিবেশন করে। দু'টি গণমাধ্যমের ওয়েবসাইটেই শেখ হাসিনার 'বিজয় চিহ্ন' সংবলিত ছবি প্রকাশিত হয়। স্থানীয় গণমাধ্যমের বরাত দিয়ে লেখা খবরে এনডিটি'র শিরোনাম ছিল-নির্বাচনে জয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার। জি নিউজের খবরের শিরোনাম ছিল-শেখ হাসিনার আওয়ামী লীগ নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতার পথে, পুনরায় ভোটগ্রহণের দাবি বিরোধীদের। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

**১০। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিরোধীদের অংশগ্রহণকে স্বাগত জানালো জাতিসংঘ**
**নির্বাচনি অভিযোগ শান্তিপূর্ণ উপায়ে করার আহ্বান**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিরোধীদলের অংশগ্রহণকে স্বাগত জানিয়েছে জাতিসংঘ। গত দশ বছরে প্রথমবারের মতো বিরোধীদলে নির্বাচনে অংশগ্রহণ করেছে। গতকাল (৩১ ডিসেম্বর সোমবার) নিউ ইয়র্কে বাংলাদেশের নির্বাচন নিয়ে এক প্রশ্নের জবাবে লিখিত বক্তব্যে জাতিসংঘের মুখপাত্র এ কথা বলেন। মুখপাত্র নির্বাচনের অভিযোগগুলো শান্তিপূর্ণ উপায়ে করারও আহ্বান জানান। জাতিসংঘের ওয়েবসাইট থেকে গতকাল এ তথ্য জানা যায়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১)।

**১১। ধৈর্য্যের সঙ্গে সংযত হয়ে এ বিজয়ের আনন্দ ঘরোয়াভাবে উদ্‌যাপন করুণ : সেতুমন্ত্রী**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের দলীয় নেতাকর্মীদের উদ্দেশে বলেছেন, একাদশ সংসদ নির্বাচনে সারাদেশে যে গণজোয়ার সৃষ্টি হয়েছে, সেই গণজোয়ারের সোনালি ফসল এ বিপুল বিজয়, শেখ হাসিনার নেতৃত্বে মহাজোটের বিজয়। সে বিজয়ে উল্লসিত, উচ্ছ্বসিত না হওয়ার জন্য আহ্বান জানাচ্ছি। আমাদের নেত্রী বিজয় মিছিল না করার জন্য নির্দেশ দিয়েছেন। আশা করি, আমাদের কর্মীরা ধৈর্য্যের সঙ্গে সংযত হয়ে এ বিজয়ের আনন্দ ঘরোয়াভাবে উদ্‌যাপন করবে। গতকাল (৩১ ডিসেম্বর সোমবার) নোয়াখালী-৫ আসনের কোম্পানীগঞ্জ উপজেলার দলীয় কার্যালয়ের সামনে বিজয়োত্তর পথসভায় নেতাকর্মীদের উদ্দেশে এসব কথা বলেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩), **অবজারভার** (শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

**১২। পাঠ্যবই উৎসব আজ**

দেশব্যাপী পাঠ্যপুস্তক উৎসব পালন করা হবে আজ (১ জানুয়ারি মঙ্গলবার)। শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় একইদিনে পাঠ্যপুস্তক উৎসব দিবস পালন করবে। এ বছর বিতরণ করা হবে ৩৫ কোটি ২১ লাখ ৯৭ হাজার ৮৮২টি নতুন পাঠ্যবই। গত ২৪ ডিসেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনা বই বিতরণ উদ্বোধন করেন। শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত জাতীয় পর্যায়ের অনুষ্ঠান রাজধানীর আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজে সকাল সাড়ে ৯টায় অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **সমকাল** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৪)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** মুন্সীগঞ্জের সিরাজদিখান উপজেলার বিভিন্ন গ্রামে বাংলাদেশ যুব উন্নয়ন অধিদপ্তরের একটি প্রকল্পের আওতায় ৩৭৩টি বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন করা হয়েছে যা থেকে পাঁচটি পর্যন্ত পরিবার সংযোগ নিতে পারে উল্লেখ করে বায়োগ্যাস ব্যবহারে মানুষকে উদ্বুদ্ধ করার পাশাপাশি সরকারি-বেসরকারি উদ্যোগ সম্প্রসারণের সুপারিশ।

খ. **সমকাল, ভোরের কাগজ, যায়যায়দিন, যুগান্তর, অবজারভার, ইন্ডিপেনডেন্ট, এশিয়ান এজ, ডেইলি সান :** একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ জয়ী হওয়ায় অভিনন্দন জানিয়ে গণতান্ত্রিক ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **সংবাদ :** রাজধানীতে মশার উপদ্রব বেড়ে গেছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **নিউ নেশন, ডেইলি সান, এশিয়ান এজ, অবজারভার, ফিনানশিয়াল এক্সপ্রেস, ইন্ডিপেনডেন্ট, জনকণ্ঠ, সংবাদ, সমকাল, ইত্তেফাক, বণিক বার্তা, যায়যায়দিন, যুগান্তর, ইনকিলাব :** নতুন বছর ২০১৯ সালকে স্বাগত জানিয়ে শান্তি, সমৃদ্ধি আর উন্নয়নের পথে দেশ এগিয়ে যাবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **নিউ এজ, নিউ নেশন :** বিদেশে জনশক্তি পাঠানোর পূর্বে ভাষা, কারিগরি শিক্ষা ইত্যাদির মাধ্যমে তাদের দক্ষ করে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশের মানুষ ভোট বিপ্লবের মাধ্যমে মুক্তিযুদ্ধের আদর্শ, উন্নয়ন ও গণতন্ত্রের বিজয়কে সুনিশ্চিত করেছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'কৃষির উন্নতি হলে দেশের উন্নতি হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, উন্নয়ন ঘটাতে হলে আমাদের কৃষকদের কৃষি প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে আরও আগ্রহী হতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা